গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়
সিলেট বিভাগ, সদর দপ্তর, সিলেট।
www.prison.sylhetdiv.gov.bd

পত্র নং-৫৮.০৪.৯১০০.০৬৬.০৩.০১৭.২০২২-৭৪৩(৪)

তারিখ : ১৫ চৈত্র ১৪২৮ / ২৯ মার্চ ২০২২

বিষয় : **সিলেট বিভাগস্থ কারাগারসমূহে বিভিন্ন ছোট ছোট নির্মাণ ও মেরামত/সংস্কার কাজ এপিপি'তে অন্তর্ভূক্তকরণের মাধ্যমে সম্পন্নকরণ।**

সূত্র : ১। অত্র দপ্তরের স্মারক নং-৫৮.০৪.৯১০০.০৬৬.০৩.০১৭.২০২১-১৫৪১(২),১৫৪২(২), ১৫৪৩(২), ১৫৪৪(২), তারিখ ০৯.০৬.২০২১।
২। অত্র দপ্তরের স্মারক নং-৫৮.০৪.৯১০০.০৬৬.০৩.০১৭.২০২১-৩৫০১(৬), তারিখ ০৫.১১.২০২২।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে স্থানীয় গণপূর্ত বিভাগে পত্র প্রেরণ ও যোগাযোগপূর্বক আপনার কারাগারের ছোট ছোট নির্মাণ ও মেরামত/সংস্কার কাজ এপিপি'তে অন্তর্ভূক্তকরণের মাধ্যমে সম্পন্নের নির্দেশনা দেওয়া হলেও অনেকক্ষেত্রে বড় বড় নির্মাণ ও মেরামত/সংস্কার কাজের সংগে ছোট ছোট নির্মাণ ও মেরামত/সংস্কার কাজ এপিপি'তে অন্তর্ভূক্ত না করে গণপূর্ত বিভাগ হতে প্রাক্কলন নিয়ে অর্থ বরাদ্দের জন্য কারা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়; যা পদ্ধতিগতভাবে স্থানীয় পর্যায়ে করা সম্ভব। এক্ষেত্রে কারা অধিদপ্তরের উপরও অর্থ বরাদ্দের চাপ কমে যাবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, জেলা ও বিভাগীয় পর্যায়ে ছোট ছোট নির্মাণ ও মেরামত/সংস্কার কাজের জন্য প্রতি আর্থিক সালে স্থানীয় গণপূর্ত বিভাগে থোক বরাদ্দ দেওয়া হয়। এতে হাসপাতালসহ জেলা/বিভাগীয় পর্যায়ের অন্যান্য গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের মতো স্পর্শকাতর নিরাপত্তামূলক প্রতিষ্ঠান হিসেবে কারাগারও অন্তর্ভূক্ত।

এমতাবস্থায়, আন্ত: বিভাগীয় সম্পর্ক সুসংহত করত: পত্র প্রেরণসহ নিয়মিত/নিবিড় যোগাযোগের মাধ্যমে ছোট ছোট নির্মাণ ও মেরামত/সংস্কার কাজের প্রাক্কলন কারা অধিদপ্তর প্রেরণ না করে স্থানীয় গণপূর্ত বিভাগের এপিপি'তে অন্তর্ভূক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

২৯.০৩.২০২২
**মোঃ কামাল হোসেন**
কারা উপ মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত)
সিলেট বিভাগ, সিলেট।
☎ ০২-৯৯৬৬৩৪৬২৪ (দপ্তর)
**digprisons.sylhet@gmail.com**

**১। সিনিয়র জেল সুপার**
সিলেট কেন্দ্রীয় কারাগার ১ ও ২।

**২। জেল সুপার**
জেলা কারাগার, হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে :**

**কারা মহাপরিদর্শক**
কারা অধিদপ্তর, ঢাকা।